# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬৫

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৪. ভূমির এক অংশ আরেক অংশকে পবিত্র করে

بَابُ الْأَرْضِ يُطَهِّرُ بَعْضُهَا بعْضًا

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَسَّانَ حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ عَنْ مُحَمَّدِ بْنِ عُمَارَةَ عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنْ أُمِّ وَلَدٍ لِإِبْرَاهِيمَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ أَنَّهَا سَأَلَتْ أُمَّ سَلَمَةَ فَقَالَتْ إِنِّي امْرَأَةٌ أُطِيلُ ذَيْلِي فَأَمْشِي فِي الْمَكَانِ الْقَذِرِ فَقَالَتْ أُمُّ سَلَمَةَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُطَهِّرُهُ مَا بَعْدَهُ قِيلَ لِأَبِي مُحَمَّدٍ تَأْخُذُ بِهَذَا قَالَ لَا أَدْرِي

في إسناده جهالة ولكنه صحيح بشواهده

বাংলা

৭৬৫. ইবরাহীম ইবনু আব্দুর রহমান ইবনু আউফ এর উম্মু ওয়ালাদ (দাসী) হতে বর্ণিত, তিনি উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহাকে প্রশ্ন করেছিলেন এই বলে: আমি একজন নারী, আমার কাপড়ের নিম্নভাগ প্রলম্বিত করে (ঝুলিয়ে) পরি। এরপর (অনেক সময়) আমি ময়লা আবর্জনার স্থান দিয়েও চলাচল করি। (ফলে আমার কাপড় কিভাবে পবিত্র করবো?) উম্মু সালামাহ বললেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “এ (অপবিত্র মাটির) পরবর্তী যে (পবিত্র) মাটি রয়েছে, তা একে পবিত্র করে দেবে।”[1] আমি (রাবী) আবু মুহাম্মদ (দারেমী)কে জিজ্ঞেস করলাম: আপনি কি এটি গ্রহণ করেছেন? তিনি বললেন: আমি জানি না।

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদে অজ্ঞাত পরিচয় রাবী রয়েছে। কিন্তু হাদীসটি শাহিদ থাকার কারণে সহীহ। পূর্বের উম্মু কায়িস বিনতে মিহসান বর্ণিত হাদীসটি এর শাহিদ।

আবার এর শাহিদ আয়েশা রা: হতে বর্ণিত হাদীসটি যা সহীহ বুখারী নং ২২২; সহীহ মুসলিম ২৮৬ এ সংকলিত হয়েছে। আর এর তাখরীজ করেছি আমরা মুসনাদুল মাওসিলী নং ৪৬২৩ এ এবং সহীহ ইবনু হিব্বান নং ১৩৭২

এ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ করেছি মুসনাদুল মাউসিলী নং ৬৯২৫, ৬৯৮১ এ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76142

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন